

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা কার্যালয়
ফুলগাজী, ফেনী।

নম্বর গ- ৪১.০১.৩০৪১.০০০.১৬.০৭৪.২১. ২৩১

তারিখ গ- ০৮/১২/২০২১ খ্রি:

বিষয়ঃ- উপজেলা সমাজসেবা কার্যালয়, ফুলগাজী, ফেনীর প্রতিবন্ধী ঋণ কার্যক্রমের সাফল্য চিত্র :-

উপর্যুক্ত বিষয়ের আলোকে ফুলগাজী উপজেলার সমাজসেবা কার্যালয়ের প্রতিবন্ধী ঋণ কার্যক্রমের সাফল্য চিত্র মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নিম্নে উল্লেখপূর্বক প্রেরণ করা হল।

“সাফল্য চিত্র”

জনাব মো: নুরুল ইসলাম ভূইয়া, পিতা-আবদুল নবী, গ্রাম-খিলপাড়া, ০৪ নং আনন্দপুর ইউনিয়ন, ফুলগাজী, ফেনী। তিনি একজন শারীরিক প্রতিবন্ধী ব্যক্তি। গত ৩১/০৭/২০০৪ ইং তারিখে তিনি উপজেলা সমাজসেবা কার্যালয়, ফুলগাজী, ফেনী হতে ১০,০০০ (দশ হাজার) টাকা সেলাই মেশিন ক্রয় স্কিমের বিপরীতে প্রতিবন্ধী ঋণ গ্রহণ করেন। গ্রহনকৃত টাকা দিয়ে তিনি প্রথমে ০১ টি সেলাই মেশিন ক্রয় করেন। পরবর্তীতে গ্রামের গরীব এবং অসহায় পুরুষ ও মহিলাদের সেলাই কাজ শিখান। বিভিন্ন প্রকারের সেলাই পন্য বিক্রি করে পরিবারের ভরণপোষণ যোগান দেন এবং ঋণের কিস্তির টাকা পরিশোধ করেন। এভাবে পর পর তিনি যথাক্রমে ২৬/০৪/২০০৬ ও ২৭/০২/২০১২ খ্রি: তারিখে ১২,০০০/- (বার হাজার) এবং ১৫,০০০/- (পনের হাজার) টাকা ঋণ হিসাবে গ্রহণ করেন। বর্তমানে তার দোকানে ৫ টি সেলাই মেশিন আছে। প্রশিক্ষণের মাধ্যমে অসহায় পুরুষ-মহিলাদের সেলাই কাজ শিখিয়ে এলাকার উন্নয়নে ভূমিকা রাখেন এবং নিজ পরিবারের স্বচ্ছলতা আনেন। সমাজসেবা কার্যালয় হতে ঋণ গ্রহণ করে তিনি আর্থিক ভাবে সফলতা অর্জন করেন এবং পারিবারিক সুন্দর জীবনযাপন করছেন।

আমরা তার উজ্জল ভবিষ্যৎ কামনা করি।

সংযুক্তঃ

- ১। স্কিমের স্থির চিত্র।
- ২। স্কিম গ্রহীতার ভিডিও চিত্র।

উপপরিচালক
জেলা সমাজসেবা কার্যালয়
ফেনী

✓
উপজেলা সমাজসেবা অফিসার
ফুলগাজী, ফেনী।
usso.fulgazi@dss.gov.bd
ফোন নং- ০৩৩২-৬৭৭২০৯।